৪২

দৈনিক ইত্তেফাক

তারিখ 07 JUL 1997
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ৩টি বিভাগে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উন্নয়ন প্রকল্প গ্রহণ

পিরোজপুর অফিস ॥ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দরিদ্র ছাত্র-ছাত্রীদের ভর্তির হার বৃদ্ধি এবং ঝরিয়া পড়ার প্রবণতা হ্রাসকল্পে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর চট্টগ্রাম, সিলেট ও বরিশাল বিভাগে একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করিয়াছে।

উক্ত বিভাগগুলির দুইটি করিয়া দরিদ্রতম থানার দশটি করিয়া বিদ্যালয়ের শিক্ষার্থীদের এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় শিক্ষা উপকরণ ক্রয়ের জন্য মাথাপিছু দুইশত টাকা প্রদানের ব্যবস্থা সম্বলিত একটি

( ৯ম পৃঃ দ্রঃ )

## ৩টি বিভাগে

(৩য় পৃঃ পর)

প্রকল্প শীঘ্র চালু হইতে যাইতেছে। জনগোষ্ঠীর নিম্নতম মাথাপিছু আয়, নিম্নতম শিক্ষার হার, শিক্ষার সুযোগ-সুবিধা বঞ্চিত এলাকা এবং যোগাযোগের সুযোগ-সুবিধাবিহীন প্রত্যন্ত অঞ্চল প্রভৃতি শর্তের ভিত্তিতে উক্ত বিভাগগুলির ৬টি থানার ৬০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় এই কার্যক্রমের আওতায় আসিবে। উপজাতি-অধ্যুষিত একটি থানা আবশ্যকীয়ভাবে এই প্রকল্পভুক্ত থাকিবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর দরিদ্রতম থানাসমূহ বাছাই-এর কাজ শুরু করিয়াছে। পিরোজপুর জেলার নাজিরপুর থানাকে এই কার্যক্রমভুক্ত করার প্রস্তাব জেলা কমিটি গ্রহণ করিয়াছে।